# সেনা অবস্থান থাকা সব এলাকায় হবে বৃক্ষরোপণ: সেনাপ্রধান



সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। ছবি: সংগৃহীত

ক্যান্টনমেন্টসহ দেশের যেসব স্থানে সেনাবাহিনীর অবস্থান রয়েছে, সেসব এলাকায় পর্যায়ক্রমে বৃক্ষরোপণ কার্যক্রম পরিচালনা করা হবে বলে জানিয়েছেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান।

বৃহস্পতিবার (১৬ জুলাই) সকালে ঢাকা ক্যান্টনমেন্টের নির্ঝর এলাকায় বৃক্ষরোপণ অভিযানের উদ্বোধনকালে তিনি এ কথা বলেন।

সেনাপ্রধান বলেন, বনায়ন বৃদ্ধি এবং পরিবেশ সংরক্ষণের লক্ষ্যে প্রতি বছরের মতো এবারও বাংলাদেশ সেনাবাহিনী বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে। শুধু গাছ রোপণ নয়, নিয়মিত পরিচর্যার মাধ্যমে সেগুলো বড় করে তোলার দায়িত্বও সেনাবাহিনী পালন করে আসছে।

তিনি বলেন, পরিবেশ রক্ষা এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় সেনাবাহিনী ভবিষ্যতেও কাজ চালিয়ে যাবে। এ লক্ষ্যকে সামনে রেখে এবার সারা দেশে ১১ লাখ গাছের চারা রোপণের পরিকল্পনা নেওয়া হয়েছে।

LENS ASIA

এবারের বৃক্ষরোপণ অভিযানের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে, 'বৃক্ষরোপণে সাজাই দেশ, সবার আগে বাংলাদেশ।'